MAR. 12 2002

যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# এ বছর নকল প্রতিরোধে কঠোর ব্যবস্থা নেয়া হয়েছে : শিক্ষা প্রতিমন্ত্রী

**সমীর কুমার**, *রাজশাহী ব্যুরো*

শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহছানুল হক বলেছেন, যত রকমেই আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি করার চেষ্টা করা হোক না কেন নকল প্রতিরোধ করতে না পারলে কোন উন্নতিই সম্ভব নয়। তাই এ বছর নকল প্রতিরোধে কঠোর ব্যবস্থা নেয়া হয়েছে।

গতকাল সোমবার দুপুরে রাজশাহী জেলা প্রশাসক আজিজ হাসানের সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে পরীক্ষায় নকল প্রতিরোধের বিষয়ে এক বিশেষ সভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষা প্রতিমন্ত্রী এ কথা বলেন।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, এ বছর থেকেই নকলমুক্ত পরীক্ষা ব্যবস্থার নতুন আন্দোলনের সূচনা হতে যাচ্ছে। আমাদের সমাজে নকল একটি সংস্কৃতি হয়ে দাঁড়িয়েছে। ‘এ থেকে আমাদের রক্ষা পেতে হবে। প্রতিমন্ত্রী বলেন, নকলমুক্ত পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের যা যা করা দরকার সব ব্যবস্থা করা হয়েছে।

আসন্ন এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য তিনি ডিসি, এসপিদের নির্দেশ দেন। বোর্ডের উদ্দেশে শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, বিগত সময়ে প্রশ্নপত্র ফাঁস হলেও কারও বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়নি। এবার ছাড় দেয়া হবে না। কোন কেন্দ্রে নকল হলে সঙ্গে সঙ্গে সেই কেন্দ্র বাতিল করা হবে। কোন রুমে ভিজিলেন্স টিম নকল ধরতে পারলে সেই রুমের শিক্ষককে বহিষ্কার করা হবে। কোন স্কুলে নকল হলে সে স্কুলের এমপিও বাতিল করা হবে।

বোর্ড কর্মকর্তা-কর্মচারীদের দাবি-দাওয়ার বিষয়ে তিনি বলেন, পরীক্ষার পর তাদের অনেক দাবি পূরণ করা হবে।

জেলা প্রশাসক আজিজ হাসান রাজশাহীতে নকলমুক্ত পরীক্ষার আশ্বাস দেন। গতকাল দুপুর সাড়ে ১২টায় শিক্ষা প্রতিমন্ত্রী বিমানযোগে রাজশাহী পৌঁছান। বিকালে তিনি আবার বিমানযোগে ঢাকার উদ্দেশে রাজশাহী ত্যাগ করেন।